

তালা ভেঙে হলে ঢুকেছেন ঢাবি শিক্ষার্থীরা

ঢাবি প্রতিবেদক

০৪ আগস্ট ২০২৪, ০৮:১৬ পিএম



ঢাকা বিশ্ববিদ্যালয়। পুরোনো ছবি

অনির্দিষ্টকালের জন্য বন্ধ থাকা আবাসিক হলের তালা ভাঙতে শুরু করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ে আন্দোলনরত শিক্ষার্থীরা। আজ রবিবার দুপুরের পর তালা ভেঙে হল গেটে মিছিল করতে দেখা গেছে শিক্ষার্থীদের। এ সময় পুলিশ কিংবা প্রশাসনের পক্ষ থেকে কোনো বাধা দেওয়া হয়নি।

আন্দোলনরত শিক্ষার্থীরা জানান, হলের তালা ভাঙা ছিল তাদের পূর্বঘোষিত কর্মসূচির অংশ। এর অংশ হিসেবেই তারা হলে হলে তালা ভাঙছেন। এ সময় বাহিরে থাকা অন্যান্য শিক্ষার্থীদের হলে আসার আহ্বান জানিয়েছেন তারা।

সর্বশেষ তথ্যমতে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্যার এ এফ রহমান হল, হাজী মুহম্মদ মুহসীন হল, মাস্টার দা সূর্য সেন হল, মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান ও কবি জসীমউদ্দীন হলের তালা ভেঙেছেন আন্দোলনকারী শিক্ষার্থীরা। এ সময় তারা ‘ভেঙে দে রে, ভেঙে দে, হলের তালা ভেঙে দে’ স্লোগান দিতে দেখা গেছে।

এর আগে গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের ছাত্র মহিউদ্দিন রনি বলেন, ‘আগামীকালের মধ্যে প্রতিটি হলের তালা খুলে দিতে হবে। যদি খুলে না দেওয়া হয় তাহলে ঢাবিসহ দেশের সকল বিশ্ববিদ্যালয়-কলেজের হলে আমরা উঠে পড়ব। আমরা হলের তালা ভাঙবই।’